# আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | ٱلْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩ : ২৫

## আরবি মূল আয়াত:

يُسقَونَ مِن رَّحِيقٍ مَّختُومٍ ﴿٢٥﴾

## অনুবাদসমূহ:

তাদেরকে সীলমোহর করা বিশুদ্ধ পানীয় থেকে পান করানো হবে। — আল-বায়ান

তাদেরকে পান করানো হবে সীল-আঁটা উৎকৃষ্ট পানীয়। — তাইসিরুল

তাদেরকে মোহরযুক্ত বিশুদ্ধ মদিরা হতে পান করানো হবে, — মুজিবুর রহমান

They will be given to drink [pure] wine [which was] sealed. — Sahih International

### ২৫. তাদেরকে মোহর করা বিশুদ্ধ পানীয় হতে পান করানো হবে;

-

তাফসীরে জাকারিয়া

### ২৫। তাদেরকে মোহর আঁটা বিশুদ্ধ মদিরা হতে পান করানো হবে।[1]

[1] رحيق(রাহীক) পরিস্কার, নির্মল ও বিশুদ্ধ শারাবকে বলা হয়; যাতে কোন প্রকার ভেজাল মিশ্রিত থাকবে না। مختوم(মাখতূম) ‘মোহরাঙ্কিত’ বলে তার বিশুদ্ধতাকে আরো স্পষ্ট করে বয়ান করা হয়েছে। অনেকের নিকট মাখতূমের অর্থ হল মিশ্রিত। অর্থাৎ, শারাবে কস্তুরী মিশানো থাকবে। যার কারণে তার স্বাদে ও গন্ধে অতিরিক্ত উৎকৃষ্টতা ও আমেজ বৃদ্ধি পাবে। কেউ কেউ বলেন, এটি ‘খতম’ শব্দ হতে এসেছে। অর্থাৎ, তার শেষ ঢোকটি হবে কস্তুরীর সুগন্ধিযুক্ত। কিছু ব্যাখ্যাতা ‘খিতাম’-এর অর্থ সুগন্ধি করেছেন। অর্থাৎ, এমন শারাব যার সুগন্ধি হবে কস্তুরীর মত। (ইবনে কাসীর) হাদীসেও ‘আর-রাহীক্বুল মাখতূম’ শব্দ এসেছে। নবী (সাঃ) বলেছেন, ‘‘যে মু’মিন ব্যক্তি কোন পিপাসিত মু’মিনকে (দুনিয়াতে) এক ঢোক পানি পান করাবে, আল্লাহ কিয়ামতের দিন তাকে ‘আর-রাহীক্বুল মাখতূম’ (মোহরাঙ্কিত বিশুদ্ধ শারাব) পান করাবেন। যে কোন ক্ষুধার্ত মু’মিনকে খাবার খাওয়াবে, আল্লাহ তাকে জান্নাতের ফল-মূল খাওয়াবেন। যে ব্যক্তি কোন বিবস্ত্র মু’মিনকে বস্ত্র পরিধান করাবে, তাকে আল্লাহ জান্নাতের সবুজ বস্ত্র পরিধান করাবেন। (মুসনাদে আহমাদ ৩/ ১৩-১৪) (হাদীসটি যয়ীফ-সম্পাদক)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5873

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন